

ঢাকা ওয়াসা

১।
২।
৩।
৪।

২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেট অনুমোদিত বার্ষিক সংশোধিত ক্রয় পরিকল্পনার কপি।

পানির পাম্পের তালিকা।

ঢাকা ওয়াসার পূর্বানুমোদিত নোট ও দরের কপি এবং ঢাকা ওয়াসা রোট সিডিউল-২০১১ ও পিডব্লিউডি রোট সিডিউল-২০২২ এর কপি।
ক্যালকুলেশন ও প্রাক্কলন।

বিষয়ঃ Repairing & Maintenance of delivery Main including washout line, Sluice valve and air release valve at different DTWs under MODS Zone-8, Dhaka WASA(Group-1) কাজ প্রসঙ্গে।

১। সংযুক্ত ক্রমিক নং ১ হতে ৪ পর্যন্ত দেখা যেতে পারে। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডুস জোন-৮, DMA-808 এর আওতাধীন মেঘাবাড়ী রোড, মিয়াবাড়ী রোড, নন্দা, কালাচাঁদপুর, জোয়ারসাহারা, অলিপাড়া, যমজরোড, শহীদফজলুলহক সড়ক, হিমবাড়ী রোড, নূরানী মসজিদ রোড, নন্দা সরকার বাড়ী রোড ও তৎসংলগ্ন এলাকায় এবং DMA-802 এর আওতাধীন কুড়িল, কুড়াতলী, আজিজ সড়ক, জগন্নাথপুর, কুড়িল ফ্লাইওভার এলাকা, কাজীবাড়ী রোড, মুখাবাড়ী রোড, মেঘাবাড়ী রোড, মিয়াবাড়ী রোড ও তৎসংলগ্ন এলাকায় পানি সরবরাহ ব্যবস্থা সচল ও স্বাভাবিক রাখার জন্য বিভিন্ন ব্যাসের HDPE পানির পাইপ লাইন স্থাপন করে সম্পূর্ণ ভূগর্ভস্থ পানির উপর নির্ভরশীল হয়ে পানি সরবরাহ করা হচ্ছে। সংযুক্ত তালিকায় বর্ণিত গভীর নলকূপ সমূহ সর্বক্ষণ সচল রেখে আলোচ্য এলাকায় পানি সরবরাহ করা হয়। গভীর নলকূপ সমূহের পানিতে প্রচুর আয়রন উঠে এবং গভীর নলকূপ সমূহের ডেলিভারী মেইন লাইন ও ফিটিংস এম.এস. মালামাল দ্বারা নির্মিত। ফলে delivery Main including washout line, Sluice valve and air release valve ক্ষতিগ্রস্ত হয়। যা মেরামত এবং রক্ষণাবেক্ষণ করা জরুরী প্রয়োজন।

২। আলোচ্য কাজটি করার লক্ষ্যে ঢাকা ওয়াসার পূর্বানুমোদিত দর এবং ঢাকা ওয়াসা রোট সিডিউল-২০১১ ও পিডব্লিউডি-২০২২ রোট সিডিউল অনুযায়ী একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। প্রাক্কলনে সর্বমোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ট=২,৯৭,৪৪৭.২৪৯ (দুই লক্ষ সাতানব্বই হাজার চারশত সাতচল্লিশ দশমিক দুই চার নয়) টাকা মাত্র। উক্ত কাজটি মডুস জোন-৮ এর ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রাক্কলিত বাজেট বরাদ্দের Water line Maintenance খাতের কোডঃ 01-04-001 অনুযায়ী অনুমোদিত বার্ষিক সংশোধিত ক্রয়/কর্ম-পরিকল্পনার Package No-1.21- এ e-GP RFQ পদ্ধতিতে HOPE কর্তৃক অনুমোদিত হয়েছে।

৩। আলোচ্য ক্রয় বাস্তবায়নে Procuring Entity হিসেবে Executive Engineer, MODS Zone-8, Dhaka WASA কে রাখা হয়েছে এবং কাজের দরপত্র আহবান, চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Executive Engineer, MODS Zone-8, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে। আলোচ্য কাজের অনুমোদন তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

৪। এমতাবস্থায়, “Repairing & Maintenance of delivery Main including washout line, Sluice valve and air release valve at different DTWs under MODS Zone-8, Dhaka WASA(Group-1)” শীর্ষক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজটির জন্য নিম্নলিখিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারেঃ-

ক) উপস্থাপিত সর্বমোট ট ২,৯৭,৪৪৭.২৪৯ (দুই লক্ষ সাতানব্বই হাজার চারশত সাতচল্লিশ দশমিক দুই চার নয়) টাকা মাত্র প্রাক্কলনের অনুমোদন।

খ) বর্ণিত কাজটি “পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫” (PPR-2025) এর ৯০(১)বিধি মোতাবেক e-GP RFQ প্রক্রিয়ায় দরপত্র আহবানের মাধ্যমে সম্পাদনের অনুমোদন।

৫। প্রস্তাবসমূহ সদয় অনুমোদনের জন্য নথিটি উপস্থাপন করা হলো।

০২/০৬/২৬
২০/০৬/২৬
MURAD
20/06/26
Murad Hossain Bhuiyan
Sub-Assistant Engineer
MODS Zone-8, Dhaka WASA.

০২/০৬/২৬
তুষার চন্দ্র বর্মণ
সহকারী প্রকৌশলী
মডুস জোন-৮
ঢাকা ওয়াসা

০২/০৬/২৬
অনুপম কুমার মন্ডল
নির্বাহী প্রকৌশলী
মডুস জোন-৮
ঢাকা ওয়াসা।

SE, MODS Zone-8

EE, MODS Zone-8

৬/প্রদত্তা বসন্ত।

০২/০৬/২৬
প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডুস সার্কেল-৩, ঢাকা ওয়াসা।